

মাদ্রাসা শিক্ষককে বেতনের ৮ লাখ টাকা ফেরতের নির্দেশ

■ শরণখোলা (বাগেরহাট) সংবাদদাতা

ডুয়া সার্টিফিকেট ব্যবহার করে বাগেরহাটের আমতলী ইসলামিয়া সিনিয়র মাদ্রাসার এক শিক্ষক এগারো বছর ধরে চাকরি করছেন বলে অভিযোগ উঠেছে।

শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের উদত্তের বিষয় ধরা পড়লে মন্ত্রণালয় ওই শিক্ষক কর্তৃক উত্তোলনকৃত আট লক্ষাধিক টাকা সরকারি কোষাগারে ফেরত দেয়ার নির্দেশ দিয়েছে। বাগেরহাটের শরণখোলা উপজেলার সীমান্ত সংলগ্ন আমতলী ইসলামীয়া সিনিয়র মাদ্রাসায় কম্পিউটার শিক্ষক হিসাবে মোঃ ডাঃ হীদুল ইসলাম (ইনডেক্স নং ২০০১৬৬৬) গত ২০০৪ সালের ১ ফেব্রুয়ারি যোগদান করে চাকরি করে আসছেন।

এগারো বছর ধরে চাকরিকালে তিনি সরকারি কোষাগার থেকে আট লক্ষাধিক টাকা গ্রহণ করেন। শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শন ও নিরীক্ষা বিভাগের পরিচালক প্রফেসর মফিজ উদ্দিন ভূঁইয়া স্বাক্ষরিত চিঠিতে বলা হয় গত ৩১ মে শিক্ষা অধিদপ্তরের পরিদর্শক এ.এইচ.এম জাহাঙ্গীর আলম ও সহকারী শিক্ষা পরিদর্শক মোঃ দাউদ হোসেন ওই প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষণ শেষে প্রতিবেদনে উল্লেখ করেন কম্পিউটার শিক্ষক ডাঃ হীদুল ইসলামের কম্পিউটার সন্দ ডুয়া। তাই এ পর্যন্ত বেতন বাবদ উত্তোলনকৃত ৮ লাখ চার হাজার ৯৩ টাকা সরকারি কোষাগারে ফেরতযোগ্য।

ডুয়া সন্দে ১১ বছর চাকরি